(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক বাসস্থান ও যানবাহন সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঙ) এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ চৈত্র ১৪১৯/২৮ মার্চ ২০১৩

নং শিম/শাঃ ১৮/৬ জাঃ বিঃ-৬/৮৮(অংশ)/১১০—জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৩(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক মোঃ আফসার উদ্দিন-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক বাসস্থান ও যানবাহন সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঙ) এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

প্রজ্ঞাপন

তারিখ, ২১ চৈত্র ১৪১৯/৪ এপ্রিল ২০১৩

নং শাঃ ১৮/৭ ইঃ বিঃ-৩/৮৭/১২৮—ইসলামী বিশ্ববিদ্যালয় ট্রেজারার অধ্যাপক মুহাম্মদ শাহজাহান আলী-এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ এর ১২(১) ধারা মোতাবেক প্রফেসর ড. মোঃ আফজাল হোসেন, ডিপার্টমেন্ট অফ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর নিম্নেবর্ণিত শর্তে ইসলামী বিশ্বদ্যিালয়ের ট্রেজারার পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) ট্রেজারার পদে তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক ট্রেজারার পদের সাথে সম্পৃক্ত অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ এর ১২(৩)(৪)(৫)(৬) ও (৭) উপধারা মোতাবেক ট্রেজারার তাঁর দায়িত্ব পালন করবেন;

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]

প্রজ্ঞাপন

তারিখ, ৪ বৈশাখ ১৪২০/১৭ এপ্রিল ২০১৩

নং শিম/শাঃ ১৮/১১ জাতীয় বিঃ-৪/৯৩/১৪৫—জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ১৩(১) ধারা অনুযায়ী প্রফেসর ড. মুনাজ আহমেদ নুর, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা-কে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর নিম্নোক্ত শর্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে কর্মরত থাকাকালীন তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক বাসস্থান ও যানবাহন সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি/আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঙ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]

প্রজ্ঞাপন

তারিখ, ৪ বৈশাখ ১৪২০/১৭ এপ্রিল ২০১৩

নং শিম/শাঃ ১৮/১১ জাতীয় বিঃ-৪/৯৩/১৪৬—জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ১৩(১) ধারা অনুযায়ী প্রফেসর ড. মোঃ আসলাম ভূঁইয়া, সমাজ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-কে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর নিম্নোক্ত শর্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে কর্মরত থাকাকালীন তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক বাসস্থান ও যানবাহন সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি/আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঙ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]

প্রজ্ঞাপন

তারিখ, ৪ বৈশাখ ১৪২০/১৭ এপ্রিল ২০১৩

নং শিম/শাঃ ১৮/জাতীয় বিঃ-৬/৯৮/১৪৭—জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ১৪(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক অধ্যাপক মোঃ নোমান উর রশীদ-কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) ট্রেজারার পদে তিনি মাসিক ২০,০০০ (বিশ হাজার) টাকা সম্মানীভাতা পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক ট্রেজারার পদের সাথে সম্পৃক্ত অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় আইন/সংবিধি মোতাবেক ট্রেজারার তাঁর দায়িত্ব পালন করবেন;

(ঙ) তাঁর এ নিয়োগ যোগদানের তারিখ থেকে কার্যকর করা হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

প্রজ্ঞাপন

তারিখ, ১১ বৈশাখ ১৪২০/২৪ এপ্রিল ২০১৩

নং শিম/শাঃ ১৮/কুঃ বিঃ-৩/২০০৭/১৫২—কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬-এর ১২(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর চেয়ারম্যান প্রফেসর কুন্ডু গোপীদাস-কে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) ট্রেজারার পদে তিনি মাসিক ২০,০০০ (বিশ হাজার) টাকা সম্মানীভাতা পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক ট্রেজারার পদের সাথে সম্পৃক্ত অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ এর ১২(২)(৩)(৫)(৬)(৭) ও (৮) উপধারা মোতাবেক ট্রেজারার তাঁর দায়িত্ব পালন করবেন;

(ঙ) তাঁর এ নিয়োগ যোগদানের তারিখ থেকে কার্যকর করা হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে
লায়লা আরজুমান্দ বানু
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

শাখা-১৯

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৬ চৈত্র ১৪১৯/২০ মার্চ ২০১৩

নং শাঃ ১৯/৯সিঃবিঃ-৩/৯৪/১১২—শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮৭ এর ১১(২) ধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর পরবর্তী উপাচার্য দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত উক্ত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. ইলিয়াস উদ্দীন বিশ্বাস-কে তাঁর বর্তমান দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্যের সাময়িক দায়িত্ব প্রদান করেছেন।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

তারিখ, ২১ চৈত্র ১৪১৯/৪ এপ্রিল ২০১৩

নং শিম/শাঃ ১৯/যঃ বিঃ প্রঃ বিঃ-১/২০০৮/১৩১—যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১০(১) ধারা মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উক্ত বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আব্দুস সাত্তার-কে নিম্নবর্ণিত শর্তে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর-এর ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর দায়িত্বের ধারাবাহিকতাক্রমে দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) ভাইস চ্যান্সেলর হিসেবে তাঁর দ্বিতীয় মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই তাঁর নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) ভাইস-চ্যান্সেলর হিসেবে তিনি বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি ভাইস-চ্যান্সেলর পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;

(ঙ) এই নিয়োগ আদেশ তাঁর বর্তমান দায়িত্বের ধারাবাহিক ক্রমে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী
উপ-সচিব (বৃত্তি)।

অধিশাখা-২৩ (প্রশিক্ষণ)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ ফাল্গুন ১৪১৯/১৩ মার্চ ২০১৩

নং **শিম/শাঃ ২৩/৩বিএমটিটিআই-৩(বিওজি)/২০০৯/৯২**—বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর বোর্ড অব গভর্ণরস (বিওজি) এর গঠনতন্ত্র মোতাবেক বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর বোর্ড অব গভর্ণরস নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো ঃ

সভাপতি

(১) সচিব, শিক্ষা মন্ত্রণালয় (পদাধিকার বলে)।

সদস্যবৃন্দ

(২) ভাইস চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

(৩) ভাইস চ্যান্সেলর, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর মনোনীত একজন প্রতিনিধি (অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহে)।

(৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(৫) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)।

(৬) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব(কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।

(৭) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

(৮) চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

(৯) জেলা প্রশাসক, গাজীপুর।

(১০) অধ্যক্ষ, মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা

সভাপতি মনোনীত সদস্যবৃন্দ

(১১) প্রফেসর আখতারুজ্জামান, ইসলামের ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(১২) আলহাজ্ব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী, অধ্যক্ষ, শ্রীপুর ভাংনাহাটি রহমানিয়া কামিল মাদ্রাসা, গাজীপুর।

সদস্য-সচিব

(১৩) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর।

২। উক্ত বোর্ড অব গভর্ণস নিম্নলিখিত শর্তাবলী অনুসরণ করবেন ঃ

(ক) বোর্ড অব গভর্ণসের সভা বছরে ন্যুনতম ৩ (তিন) বার অনুষ্ঠিত হবে, প্রয়োজন হলে ৩ দিনের বিজ্ঞপ্তিতে জরুরী সভার আয়োজন করা যাবে;

(খ) মনোনয়নযোগ্য পদে সদস্যগণ তিন বছরের জন্য মনোনীত হবেন, তবে পরবর্তীতে নতুন সদস্য মনোনীত না হওয়া পর্যন্ত তারা স্বপদে বহাল থাকবেন;

(গ) কমপক্ষে পাঁচ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে;

(ঘ) সভাপতির উপস্থিতিতে যে কোন একজন সদস্য অন্যান্য সদস্যগণের সম্মতিক্রমে সভায় সভাপতিত্ব করবেন;

(ঙ) সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনা করে সভার বিজ্ঞপ্তি জারী, কার্যবিবরণী ও দলিলপত্র সংরক্ষণ করবেন;

(চ) পুনর্গঠিত বোর্ড অব গভর্ণরস এর মেয়াদ হবে ৩ (তিন) বছর।

৩। বোর্ড অব গভর্ণস এর নিম্নলিখিত ক্ষমতা ও কার্যবলী থাকবে ঃ

(ক) বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের নীতিগত কর্মকাঠামো ও কর্মসম্পাদনের কর্মপরিকল্পনা আলোচনা করা;

(খ) বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের বার্ষিক একাডেমীক পরিকল্পনা অনুমোদন করা;

(গ) বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের বার্ষিক বাজেট অনুমোদন করা;

(ঘ) বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের মূল লক্ষ্য বা উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ অন্য কাজ সম্পন্ন/নিষ্পন্ন/পরিচালনা করা।

মোঃ হেলাল উদ্দিন
উপ-সচিব (প্রশিক্ষণ)।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২ বৈশাখ ১৪২০/১৫ এপ্রিল ২০১৩

নং প্রাগম/তঃশৃঃ/বিমা-১/২০১০/৯৪—যেহেতু, এ কে এম বজলুর রশীদ তালুকদার, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দালিখ করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানী শেষে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তান্তে অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করেছেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, এ কে এম বজলুর রশীদ তালুকদার, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কিশোরগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আখতার হোসেন
সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ মার্চ ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৩.১৩-৩৬৬—জনাব মোঃ সাজ্জাদুর রহমান, সাবেক পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ (পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত ও বর্তমানে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত)-কে দায়িত্ব পালনে চরম উদাসীনতা ও কর্তব্যে অবহেলার কারণে এতদ্বারা চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি ঢাকা রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৪ মার্চ ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩(অংশ-২)-৩৪৩—যেহেতু, জনাব মোঃ রেজাউল করিম, সহকারী মহাপুলিশ পরিদর্শক (এআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে জাতীয় সংসদের প্রশ্নোত্তরের জবাব প্রস্তুতের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে যথেষ্ট মনোযোগ ও সতর্কতার সাথে দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-২-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩(অংশ-২)- ২৮৫ নম্বর স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, তিনি নির্ধারিত সময়ে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন; এবং

৩। যেহেতু, তাঁর জবাব পর্যালোচনায় দেখা যায় যে, তিনি প্রশ্নের উত্তর প্রস্তুত ও প্রেরণকালে সংশ্লিষ্ট পদে কর্মরত ছিলেন না। জাতীয় সংসদের প্রশ্নোত্তরের জবাব প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণের ঘটনার পরিবর্তীতে তাকে উক্ত পদে পদায়ন করা হয়। ফলে এ বিষয়ে তাঁর কোন ব্যক্তিগত দায়-দায়িত্ব থাকার সুযোগ ছিল না বিধায় এ বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করার মত কোন উপাদান নেই মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, জনাব মোঃ রেজাউল করিম, সহকারী মহাপুলিশ পরিদর্শক (এআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৪ মার্চ ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৯.২০১২-৩৬১—যেহেতু, জনাব সরকার মোঃ মাহবুব হাসান, সহকারি পুলিশ সুপার, সিআইডি, ঢাকা এর বিরুদ্ধে দু'টি বিভাগীয় মামলার তদন্তকারী অফিসার হিসেবে অন্যত্র বদলী হয়ে যাওয়ার পর মামলার তদন্ত নথি ফেরত দেয়ার জন্য কর্তৃপক্ষের আদেশ অমান্য করে তদন্ত নথি নিজের কাছে রাখাসহ বদলী হয়ে যাওয়ার প্রায় সাত মাস পর বদলীকৃত পদবীতে তদন্ত প্রতিবেদন দাখিল করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি অনুসারে যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের দায়ে এ মন্ত্রণালয়ের ৩১-১২-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৯.২০১২-৯৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয় এবং তাঁকে দশ কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করায় গত ৫-৩-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাজগপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ অপরাধের দায়ে তাঁকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব সরকার মোঃ মাহবুব হাসান, সহকারি পুলিশ সুপার, সিআইডি, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে একই বিধিমালার ৪(২)(বি) বিধি মোতাবেক দুই বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৭ মার্চ ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৭.১২-৩৭৬—যেহেতু, বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত সহকারি পুলিশ সুপার জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ (প্রাক্তন স্টাফ অফিসার টু-ডিআইজি, বরিশাল রেঞ্জ) এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৪, ঢাকা এর মামলা নং ১১৮/১২-তে বিজ্ঞ আদালত গত ১৯-২-২০১৩ তাঁর জামিন বাতিল করে তাঁকে জেল হাজতে প্রেরণ করেন। বর্তমানে তিনি জেল হাজতে আটক রয়েছেন; এবং

২। যেহেতু বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক উক্ত কর্মকর্তা ১৯-২-২০১৩ তারিখ থেকে হাজতে আটক থাকায় তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা সমীচীন;

৩। সেহেতু, বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত সহকারি পুলিশ সুপার জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ-কে ১৯-২-২০১৩ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি খোরাকি ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২ এপ্রিল ২০১৩

নং ব্যক্তিগত-১/২০১১-৩৮৭—যেহেতু জনাব শেখ জয়নুদ্দীন, সাবেক সিনিয়র সহকারি পুলিশ সুপার, পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী (বর্তমানে সিনিয়র সহাকরি পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা) এর বিরুদ্ধে বিজ্ঞ সিএমএম আদালত, ঢাকার সিআর ৪৯২/২০১১ নং মামলা এবং মিরপুর মডেল থানা, ঢাকার মামলা নং ০৩, তারিখ ১-৫-২০১২-তে তিনি বর্তমানে জামিনে আছেন; এবং

২। যেহেতু বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের (সংস্থাপন মন্ত্রণালয়) ২১-১১-১৯৭৮ তারিখের ইডি(রেগ-৬)১২৩/৭৮-১১৫(৫০০) নম্বর মেমোরেন্ডাম মোতাবেক উক্ত কর্মকর্তা Taken into custody মর্মে গণ্য বিধায় উক্ত বিধি মোতাবেক তাঁকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা সমীচীন।

৩। সেহেতু বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক জনাব শেখ জয়নুদ্দীন, সাবেক সিনিয়র সহকারি পুলিশ সুপার, পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী (বর্তমানে সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা)-কে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। বাংলাদেশ সার্ভিস রুল বি.এস.আর পার্ট-১, এর ৭১ বিধি অনুযায়ী সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৪ এপ্রিল ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৯.২০১২-৪০৪—যেহেতু, জনাব মোহাম্মদ সুলাইমান, পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার, ১০ম এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি এর বিরুদ্ধে সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, গোয়েন্দা অপরাধ তথ্য বিভাগ (উত্তর), ডিএমপি, ঢাকা হিসেবে কর্মরত থাকাকালে জোড়া খুনের একটি চাঞ্চল্যকর মামলার আলামত হিসেবে একটি মোবাইল ফোন সিডিআর পর্যালোচনা শেষে তদন্তকারী অফিসার বা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে নিজ হেফাজতে রাখা, তদন্তকালে সংগৃহীত উক্ত মোবাইল ফোন সেটটি আলামত হিসেবে বিবেচ্য হওয়া সত্ত্বেও তা জব্দ করার ব্যবস্থা গ্রহণ না করা ও তাঁর ভাই মোঃ মোসলেহ উদ্দিন এর নিকট হতে উক্ত ফোন সেটটি উদ্ধার হওয়ার কারণে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩-১০-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৯.২০১২-৮০৯ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধির অভিযোগে তাঁর বিরুদ্ধে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী চাইলে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১১-২-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৯.২০১২-১২২ স্মারকে জনাব মোঃ মাহবুব আলম পিপিএম, পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ-৪, নারায়ণগঞ্জ কে তদন্তকারী অফিসার নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে তদন্তকারী অফিসার তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন,সাক্ষ্য, জবানবন্দী, কারণ দর্শানোর নোটিশের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় বিবেচ্য ব্যক্তি কারিগরি জ্ঞানসম্পন্ন একজন দক্ষ কর্মকর্তা। মূলতঃ তাঁর অমনোযোগিতা ও অসতর্কতার কারণে এমন গুরুতর বিচ্যুতিসমূহ ঘটেছে। এতে তাঁর অসৎ উদ্দেশ্য ছিল এমন কোন প্রমাণ পাওয়া না গেলেও তিনি দায়মুক্ত হতে পারেন না।

৪। সেহেতু, সার্বিক বিবেচনায় অভিযুক্ত ব্যক্তির যথোচিত সতর্কতা অবলম্বনে ব্যর্থতা এবং পদ্ধতি ও প্রক্রিয়া যথাযথভাবে পালন না করা জনিত কারণে গুরুতর ত্রুটি সংঘটিত হওয়ায় জনাব মোহাম্মদ সুলাইমান, পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার, ১০ম এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি (সাবেক সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, গোয়েন্দা অপরাধ তথ্য বিভাগ (উত্তর), ডিএমপি, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) এবং ৩(বি) বিধি মোতাবেক একই বিধিমালার ৪(ক) বিধি অনুযায়ী “তিরস্কার” দণ্ড আরোপ করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৮ এপ্রিল ২০১৩

নং স্বঃমঃ(পুঃ-১)/ব্যক্তিগত-১৬/২০১১-৪২৫—যেহেতু, জনাব আবুল ফজল মহম্মদ তারিক হোসেন খাঁন, সিনিয়র সহকারি পুলিশ সুপার, সিআইডি, ঢাকা (সাবেক সিনিয়র সহকারি পুলিশ সুপার, কালীগঞ্জ সার্কেল, গাজীপুর) এর বিরুদ্ধে গাজীপুর জেলার কালীগঞ্জ থানায় গ্রেফতারকৃত আসামীগণের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজুর জন্য চাপ প্রয়োগ, আসামীদের বাড়িতে অবৈধ প্রবেশ করে ভয়ভীতি প্রদর্শন, অস্ত্র ও গুলি উদ্ধার করে নিজ হেফাজতে নিয়ে মনগড়াভাবে জব্দ তালিকা প্রস্তুত, কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ ও ইন্সপেক্টর (তদন্ত) এর সাথে রুঢ় আচরণ ও ডাকাতি মামলার খোয়া যাওয়া মালামাল উদ্ধারসহ মামলার অগ্রগতি সম্পর্কে সঠিক তথ্য প্রদান না করার অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং স্বঃমঃ (পুঃ-১)/ব্যক্তিগত-১৬/২০১১/৮৭৯ তারিখ ১০-১০-২০১১ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগ নামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন। ব্যক্তিগত শুনানী গ্রহণের পর তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা তদন্ত করার জন্য জনাব মাহবুব হোসেন, অতিরিক্ত ডিআইজি, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত রিপোর্ট এ মন্ত্রণালয়ে দাখিল করেন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় তাঁকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব আবুল ফজল মহম্মদ তারিক হোসেন খাঁন, সিনিয়র সহকারি পুলিশ সুপার, সিআইডি, ঢাকা (সাবেক সিনিয়র সহকারি পুলিশ সুপার, কালীগঞ্জ সার্কেল, গাজীপুর)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৫) বিধি মোতাবেক আনীত অভিযোগসমূহের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব।

পুলিশ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ এপ্রিল ২০১৩

নং স্বঃমঃ (পুঃ-১)/ব্যক্তিগত-২৫/২০০৯/৪৪২—যেহেতু, জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন, সহকারি রাসায়নিক পরীক্ষক, সিআইডি, ঢাকা (বর্তমানে 39-30.59th ST APT# F6 WOODSIDE NEW YORK NY 11377.USA) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ৪-৩-২০০৯ তারিখের ১৭২ নম্বর প্রজ্ঞাপনমূলে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটিতে আমেরিকা গিয়ে যথা সময়ে কর্মস্থলে হাজির না হওয়ার অভিযোগে তাঁর বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং স্বঃমঃ (পুঃ-১)/ব্যক্তিগত-২৫/২০০৯/৯৭১ তারিখ ২২-১১-২০০৯ মূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন, সহকারি রাসায়নিক পরীক্ষক, সিআইডি, ঢাকা নির্ধারিত তারিখের মধ্যে কৈফিয়ত তলবের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের ২৭-২-২০১২ তারিখের স্বঃমঃ(পুঃ-১)/ব্যক্তিগত-২৫/২০০৯/১৪৭ নম্বর স্মারকে পুলিশ হেডকোয়ার্টার্সের এআইজি (চলতি দায়িত্বে) জনাব তাপতুন নাসরীন-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা ১৭-৫-২০১২ তারিখে অত্র মন্ত্রণালয়ে তদন্ত রিপোর্ট দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা ও পরীক্ষা করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন-কে গত ৩১-৫-২০১২ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-২৫/২০০৯/৪৮১ নম্বর স্মারকে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ৩-১১-২০১২ তারিখে দৈনিক যুগান্তর এবং ২৬-১০-২০১২ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায়ও প্রকাশ করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের কোন জবাব দাখিল করেননি; এবং

৪। যেহেতু, জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন-কে সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) দণ্ড আরোপের বিষয়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) বিধি অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১১-১২-১২ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-২৫/২০০৯/৯৫৭ নম্বর স্মারকে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয় এবং সরকারি কর্মকমিশন তাঁদের ৬-২-২০১৩ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০৫.২০১২. ৩১৭ নম্বর স্মারকে জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন-কে উপরোক্ত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে। অতঃপর জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন-কে চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) প্রস্তাবটি গত ১৬-৪-২০১৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

৫। সেহেতু, জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন, সহকারি রাসায়নিক পরীক্ষক, সিআইডি, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধির আওতায় অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অপরাধে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব।

কারা-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ এপ্রিল ২০১৩

নং স্বঃমঃ ১ম-৭/২০০৮(অংশ-১)(কারা-১)-১৪১—যেহেতু, জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, প্রাক্তন সিনিয়র তত্ত্বাবধায়ক, ঢাকা কেন্দ্রিয় কারাগার (বর্তমান সিনিয়র তত্ত্বাবধায়ক, সাময়িক বরখাস্ত, রাজশাহি কেন্দ্রিয় কারাগার, রাজশাহি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা নং স্বঃমঃ ১ম-০৭/২০০৮(কারা-১)-২৫৮, তারিখ ৩১-৫-২০১২ রুজু করা হয়;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা বিগত ১-৭-২০১২ তাঁর লিখিত জবাব দাখিল করেন এবং জবাবের প্রেক্ষিতে ৩০-৭-২০১২ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, যথারীতি তার শুনানি শেষে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ৬-৩-২০১৩ তারিখে অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মন্তব্য করে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, কর্তৃপক্ষ নিম্নোক্ত আদেশ প্রদান করলেন—

(১) সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আনীত অভিযোগ হতে জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম-কে অব্যাহতি প্রদান করা হলো।

(২) তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুণবর্হাল করা হলো।

(৩) জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলামের সাময়িক কর্মচ্যুতির সময়কাল কর্মরত ছিলেন বলে গণ্য হবে এবং তিনি উক্ত সময়ে প্রাপ্য বেতন ও বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব।

পুলিশ-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ এপ্রিল ২০১৩

নং স্বঃমঃ(পুলিশ-১)/শৃংখলা-২৫/২০০৭/৪৪৯—জনাব রিয়াজ উদ্দিন আহম্মেদ, পিপিএম, সহকারি পুলিশ সুপার, রাজবাড়ী-কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩-২-২০১০ তারিখের স্বঃমঃ(পু-১)/শৃংখলা-২৫/২০০৭/৮৭ নম্বর প্রজ্ঞাপনমূলে প্রদত্ত ৩ (তিন) বছরের জন্য নিম্ন বেতনক্রমে নামিয়ে (Reduction to a lower time scale) দেয়ার দণ্ডাদেশ এটি ১১০/২০১০ নম্বর মামলার রায়ের প্রেক্ষিতে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে এতদ্বরা প্রত্যাহার করা হলো। তিনি বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হুমায়ুন কবীর
উপ সচিব।

আইন অধিশাখা-১

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৪ মার্চ ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১২-৩৬৬—গত ২২-২-২০১৩ তারিখ জুম্মার নামাজ শেষে মোঃ সাইফুল্লাহ মুনসুরসহ ৩৯ জন এবং অজ্ঞাতনামা ৩/৪ শত জন আসামী মঠবাড়িয়া কেন্দ্রীয় জামে মসজিদ হতে বে-আইনি জনতা দলবদ্ধভাবে মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে তৌহিদি জনতার ছদ্ম ব্যানারে আইন বলে প্রতিষ্ঠিত সরকার ও রাষ্ট্রের প্রতি ঘৃণা ও অবজ্ঞা সৃষ্টি করে সরকার বিরোধী ও রাষ্ট্র বিরোধী শ্লোগান দিয়ে মারমুখী অবস্থায় মঠবাড়িয়া পৌরসভা চত্বরে অনধিকার প্রবেশ করে গণজাগরণ মঞ্চ ভাংচুর করে অনুমান ২০,০০০ টাকার ক্ষতি করে। শহীদ মিনার ভাংচুর করার জন্য উদ্যত হলে পুলিশ, বাদী ও সচেতন জনতা তাদেরকে বাধা প্রদান করলে এজহার নামীয় আসামী মনির খুন করার উদ্দেশ্যে লোহার রড দিয়ে এলোপাথাড়ি মারিপিট করে হাড় ভাঙ্গা জখম, ফুলা জখম এবং স্বর্ণের চেইন ছিনিয়ে নেয়। এছাড়া আসামী রাকিব তার পকেট হতে বাংলাদেশ জাতীয় পতাকা বের করে জাতীয় পতাকার প্রতি অবমাননা করে পতাকা ছিঁড়ে রাস্তায় ফেলে। আসামীদের বিরুদ্ধে পিরোজপুর জেলার মঠবাড়িয়া থানায় মামলা নং ৪৪, তারিখ ২২-২-২০১৩, বাংলাদেশ দণ্ডবিধির ধারা ১৪৩/১৪৪/৪৪৭/৩২৩/৩২৫/৩০৭/৪২৭/৩৫৩/৩৭৯/১২৪-ক মোতাবেক মামলা রুজু করা হয়। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২৪-ক ধারায় পৃথক একটি মামলা রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, মঠবাড়িয়া থানা, পিরোজপুর'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হলো।

তারিখ, ৮ এপ্রিল ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১২-৪৩৫—মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়কে কেন্দ্র করে জামায়াত-শিবির সমর্থক বেআইনী জনতা চট্টগ্রামের বাঁশখালী থানাধীন দক্ষিণ জলদি মহাজন পাড়া এলাকায় হিন্দু সম্প্রদায়ের বাড়ীতে ও মন্দিরে আক্রমন, ভাংচুর, লুণ্ঠন, অগ্নিসংযোগ এবং হতাহত করে। আসামীরা সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে কঠোর আঘাত, বিদ্বেষ ও ঘৃণা সৃষ্টিসহ ধর্মীয় ভাবমূর্তি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে পেনাল কোডের ১২০-খ/১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারার অপরাধ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২০-খ/১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারায় নিয়মিত মামলা রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঁশখালী থানা, চট্টগ্রাম' কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬/১৯৬-ক ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হলো।

তারিখ, ৯ এপ্রিল ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১৩-৪৪৫—মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়কে কেন্দ্র করে জামায়াত-শিবির সমর্থক বেআইনী জনতা চট্টগ্রামের সাতকানীয়া থানাধীন বুড়ীর দোকান, রূপনগর, কুলনাথপাড়া এলাকায় হিন্দু সম্প্রদায়ের বাড়ীতে ও মন্দিরে আক্রমন, ভাংচুর, লুণ্ঠন, অগ্নিসংযোগ এবং হতাহত করে। আসামীরা সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে কঠোর আঘাত, বিদ্বেষ ও ঘৃণা সৃষ্টিসহ ধর্মীয় ভাবমূর্তি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করায় পেনাল কোডের ১২০-খ/১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারার অপরাধ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২০-খ/১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারায় নিয়মিত মামলা রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাতকানীয়া থানা, চট্টগ্রাম' কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬/১৯৬-ক ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হলো।

তারিখ, ২৩ এপ্রিল ২০১৩

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৪.২০১১-৪৯০—ডিএমপি, ঢাকা'র যাত্রাবাড়ি থানার মামলা নং ৭৯, তারিখ ২৫-৩-২০১২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ৫৭(২) ধারা মামলায় পেনাল কোড ১২৩-ক ধারা সংযোজনের জন্য বিজ্ঞ আদালত তদন্তকারী অফিসারের আবেদন মঞ্জুর করেন। বর্ণিত মামলার আসামীদের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে উক্ত অভিযুক্তদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২৩-ক ধারায় অভিযোগ দায়ের করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, যাত্রাবাড়ি থানা, ডিএমপি, ঢাকা' কে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১২-৪৯৪—গত ১৮-৩-২০১৩ তারিখ রাজশাহী জেলার মতিহার থানাধীন বিনোদপুর মসজিদের পার্শ্বে জনৈক প্রফেসর ডঃ উমার আলীর বাড়ীতে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের একটি অবৈধ অফিসে তল্লাশীকালে বিভিন্ন প্রকার জেহাদী বই, মুখোশ, প্রচার পত্র, বিভিন্ন লিফলেট, ব্যানার, বিভিন্ন চেক বহি, চাঁদা উত্তোলনের হিসাব সংক্রান্ত বিভিন্ন লেজার বহি ইত্যাদি পাওয়া যায় এবং তাদের জেহাদী বই সংক্রান্তে একটি লাইব্রেরীরও সন্ধান পাওয়া যায়। এখানে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আশরাফুল আলম ইমনসহ ২১ জন এবং আরও অনেকে এ কার্যালয় হতে গোপন বৈঠকে ও সরকারের বিরুদ্ধে ধ্বংসাত্মক ও নাশকতামূলক কার্যক্রম পরিচালনা করত। তারা অপরাধ-মূলক কর্মকাণ্ড করাকালীন পরিচয় গোপন রাখার উদ্দেশ্যে মুখোশ ব্যবহার করত। তাদের বই পত্র, লিফলেট পবিত্র ইসলাম ধর্মের পরিপন্থী হওয়ায় নতুন ছাত্রগণ রাষ্ট্রের বিরুদ্ধে অপরাধমূলক গোপন ষড়যন্ত্র ও রাষ্ট্রের ক্ষতিকর কার্যে নিয়োজিত থাকে। উল্লিখিত আসামীদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২৪-ক ধারায় রাষ্ট্রদ্রোহীতা এবং দণ্ডবিধি ১২০-খ ধারায় অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগে মামলা রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, মতিহার থানা, আরএমপি, রাজশাহী 'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার এবং ১৯৬-ক ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মিজানুর রহমান
উপ-সচিব।

পরিকল্পনা শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১২ মার্চ ২০১৩

নং ৪৪.০১.০০০০.১৭৮.০৩.০০৫.১৩-১১৬—পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত "পুলিশ বিভাগের ১০১টি জরাজীর্ণ থানা ভবন টাইপ প্ল্যানে নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপির সংস্থান মোতাবেক ১১-২০ গ্রেড পর্যন্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্ত নির্দেশক্রমে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হ'ল ঃ—

কর্মচারী নিয়োগ কমিটি ঃ

সভাপতি

(ক) ডিআইজি (অর্থ ও উন্নয়ন), বাংলাদেশ পুলিশ, ঢাকা ও প্রকল্প পরিচালক।

সদস্যবৃন্দ

(খ) প্রতিনিধি, অর্থ বিভাগ

(গ) প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়

(ঘ) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(ঙ) এআইজি (ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ, ঢাকা।

সদস্য-সচিব

(চ) উপ-প্রকল্প পরিচালক, "পুলিশ বিভাগের ১০১টি জরাজীর্ণ থানা ভবন টাইপ প্ল্যানে নির্মাণ" শীর্ষক প্রকল্প।

২। কমিটির কার্যপরিধিঃ অনুমোদিত ডিপিপি অনুযায়ী জনবল নিয়োগের জন্য সুপারিশ প্রদান করবে।

দেবাশিস কুমার দাস
সহকারী প্রধান।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উন্নয়ন-১ শাখা)

অফিস আদেশাবলী

তারিখ, ১২ মার্চ ২০১৩

নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৫৩.২০১১-১৭৫—জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা সহকারী প্রকৌশলী, শার্শা, যশোর (সাবেক সহকারী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সুষ্ঠু তদন্তের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) এর বিধানানুসারে তাঁকে এই বিভাগের ২৯-৯-২০১১ তারিখের ৪৬.০৬৭. ০০৩.০০.০০.০৫৩.২০১১-৭৪৯ নম্বর স্মারকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে। এমতাবস্থায়, তাঁর বিরুদ্ধে সাময়িকভাবে বরখাস্ত আদেশ এতদ্দ্বারা প্রত্যাহার করা হলো।

২। বি,এস,আর, পার্ট-১ এর ৭২(এ) নং বিধিমতে জনাব মোঃ মাহবুবুর রহমান এর উক্ত সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

তারিখ, ১৯ মার্চ ২০১৩

নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৪.২০১২-১৮৩—যেহেতু, জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), কৃষিখাত সহায়তা কর্মসূচী-২ঃ গ্রামীণ সড়ক ও হাট বাজার সংযোগ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (অংগ-৩), এলজিইডি, সদর দপ্তর হিসেবে কর্মরত থাকাবস্থায় আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করায় এবং বর্ণিত প্রকল্পে ১৩-৪-২০১০ তারিখে যোগদানের পর প্রাথমিক পর্যায়ে দায়িত্ব পালন করলেও পরবর্তীতে দীর্ঘদিন যাবত কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় স্থানীয় সরকার বিভাগের ১২-৬-২০১২ তারিখের ৬৪.০৬৭.০০৩.০০.০০.০২৪. ২০১২-৩৬৯ নম্বর স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জারীকৃত অভিযোগনামা তাঁর কর্মস্থলে ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারায় সরকারি 'চাকুরী হতে বরখাস্ত' করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উক্ত অপরাধের জন্য জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমানকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক কেন 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার শাস্তি আরোপ করা হবে না তার লিখিত জবাব দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পেশ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ "The Indepenent" ও "দৈনিক সমকাল" পত্রিকা দুটিতে প্রকাশিত হওয়া সত্ত্বেও জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে অদ্যাবধি কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত উক্ত বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৩) ধারা মোতাবেক তাঁকে একই অধ্যাদেশের ৪(এ) ধারায় বর্ণিত শাস্তি হিসেবে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হলো।

এ আদেশ জনাব খন্দকার মোহাম্মদ রেজাউর রহমান এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৩-৪-২০১০ তারিখ হতে কার্যকর হবে।

আবু আলম মোঃ শহিদ খান
সচিব।

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ মার্চ ২০১৩

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১১৬.২০১২-৩৩২—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের মতামতের আলোকে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ৮ আগস্ট ২০১৩ তারিখের ৪৬.০৪৫.০২৭.১৮.০১.০০১.২০১১-৯৪৮ নম্বর প্রজ্ঞাপনে সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মাহফুজা খাতুন এর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন
উপ-সচিব।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ৫ মার্চ ২০১৩

নং ৪৭.০৩৮.০১৪.০০.০০.০৪৩.২০১২-৩৮—জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন, পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন "Installation of Solar Systems at Union Information and Service Center (UISC)" শীর্ষক প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপভাবে ১২ (বার) সদস্যবিশিষ্ট একটি প্রজেক্ট স্টিয়ারিং কমিটি গঠন করা হ'ল ঃ

সভাপতি

(১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদস্যবৃন্দ

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন।

(৪) পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর একজন প্রতিনিধি।

(৫) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর একজন প্রতিনিধি।

(৬) পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি।

(৭) আইএমইডি'র একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নহে)।

(৮) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নহে)।

(৯) উপ-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(১০) উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(১১) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

সদস্য-সচিব

(১২) প্রকল্প পরিচালক, "Installation of Solar Systems at Union Information and Service Center" প্রকল্প।

কমিটির কর্মপরিধি ঃ

(ক) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য বিভিন্ন নীতি নির্ধারণী বিষয় সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) প্রকল্পের অগ্রগতি রিভিউ করা এবং প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা সমাধানের পথ প্রদর্শন করা;

(গ) কমিটি অন্তত প্রতি ছয় মাসে একবার সভা করবে;

(ঘ) কমিটি প্রয়োজনবোধে যে কোন সময়ে প্রকল্প সংশ্লিষ্ট যে কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে; এবং

(ঙ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

বিপিন চন্দ্র বিশ্বাস
সহকারী প্রধান।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্থা শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জুন ২০১৩

নং ১৬.০০.০০০০.০০৪.০৩.৪৯.১৩-১৬০—১৯৮৩ সালের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ (অধ্যাদেশ নং-৬৮) এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টি পুনর্গঠন করলেন ঃ

(ক) মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় — চেয়ারম্যান।

(খ) বিচারপতি গৌর গোপাল সাহা — ভাইস-চেয়ারম্যান।
সাবেক চেয়ারম্যান, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল।

(গ) ট্রাস্টি

(১) জনাব গনেশ চন্দ্র ঘোষ, পাবনা।

(২) জনাব মানিকলাল সমাদ্দার, সাবেক সচিব, বাড়ী নং-৭, ব্লক-জে, রোড-২৭, বনানী, ঢাকা।

(৩) জনাব এস-সি খান, সাবেক যুগ্ম-সচিব।

(৪) জনাব নিরঞ্জন অধিকারী, অধ্যাপক, সংস্কৃত ও পালি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৫) ডঃ প্রতিমা পাল মজুমদার, সমাজকর্মী ও রিসার্স ফেলো।

(৬) জনাব সুরজিৎ নারায়ণ ত্রিপুরা, সভাপতি, ISKCON, খাগড়াছড়ি।

(৭) বেগম আশালতা বৈদ্য, গোপালগঞ্জ।

(৮) জনাব তপন কুমার সেন, রাজশাহী।

(৯) এডভোকেট নিভা রাণী বিশ্বাস, মুন্সীগঞ্জ।

(১০) জনাব স্বপন কুমার রায়, পাবনা-সিরাজগঞ্জ।

(১১) জনাব নির্মল কুমার দাস, ঢাকা।

(১২) জনাব জিতেন্দ্র প্রসাদ নাথ (মন্টু), চট্টগ্রাম।

(১৩) জনাব রাখাল চন্দ্র ঘোষ, হবিগঞ্জ (সিলেট বিভাগ)।

(১৪) অধ্যাপক নিমাই চন্দ্র রায়, খুলনা।

(১৫) জনাব উজ্জ্বল প্রসাদ কানু, বগুড়া।

(১৬) জনাব সুভাষ চন্দ্র শাহা, টাঙ্গাইল।

(১৭) এডভোকেট রথীশ চন্দ্র ভৌমিক (বাবু সোনা), রংপুর।

(১৮) জনাব নির্মল পাল, কুমিল্লা।

(১৯) জনাব বিপুল বিহারী হালদার, পিরোজপুর।

(২০) জনাব রাখাল দাসগুপ্ত, চট্টগ্রাম।

২। বোর্ড অব ট্রাস্টির মেয়াদকাল জারীর তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইদা পারভীন
সহকারী সচিব (সংস্থা)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৭

আদেশ

তারিখ, ২৮ মে ২০১২

নং বিচার-৭/২এন-১১/৮১(অংশ-১)-৪১৭—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ নুরুল ইসলাম, পিতা মরহুম কাজী আঃ গফুর, গ্রাম বানিয়াপাড়া, ডাকঘর বিষমপুর, উপজেলা কলমাকান্দা, জেলা নেত্রকোণা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলার ৭নং কৈলাটী ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

মোঃ মাহমুদুল করিম
সিনিয়র সহকারী সচিব।

ভূমি মন্ত্রণালয়

খাসজমি শাখা-২

বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ শ্রাবণ ১৪২০/২৪ জুলাই ২০১৩

নং ৩১.০০.০০০০.০৪১.৪১.০০২.১১-৭৯৬—নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন জাহাইজ্যার চর (চর আছিয়া) সমুদয় খাসজমি দেশের উপকূলীয় চরাঞ্চলের নিরাপত্তা বিধান, আইন-শৃঙ্খলা রক্ষা সর্বোপরি পরিবেশের ভারসাম্য রক্ষার্থে পরিকল্পিত বনায়নের লক্ষ্যে প্রতীকী মূল্য ১,০০,০০১,/- (এক লক্ষ এক) টাকা সেলামী ধার্য ও আদায়পূর্বক বাংলাদেশ সেনাবাহিনীর অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এমতাবস্থায়, অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫ এবং এ সংক্রান্ত বিধি-বিধানের আলোকে বাংলাদেশ সেনাবাহিনীর অনুকূলে চর আছিয়ার সমুদয় খাসজমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদান করা হলো।

মোঃ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।